

# শিক্ষা, স্বাস্থ্য বেসরকারীকরণ প্রতিহত করতে হবে: মানিক

## ইকফাইয়ে সেমিনার



মুখ্যমন্ত্রী মানিক সরকার উদ্বোধন করছেন  
ইকফাই কলেজের দু'দিনের কর্মশালা।  
বৃহস্পতিবার। কামালঘাটে। ছবি: আজকাল

আজকালের প্রতিবেদন: শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবা, বেসরকারি হাতে তুলে দেওয়ার কথা চিন্তাভাবনা করছে কেন্দ্রীয় সরকার। সেই চেষ্টাকে সবাই মিলে প্রতিহত করতে হবে। বৃহস্পতিবার কামালঘাটের ইকফাই বিশ্ববিদ্যালয়ে আয়োজিত শিক্ষা বিষয়ে দু'দিনের এক সেমিনারের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী মানিক সরকার এ কথা বলেন। 'অনুকূলচন্দ্রের ভাবধারায় উচ্চশিক্ষা' শীর্ষক এই সেমিনারে অংশ নিতে দেশের বিভিন্ন প্রান্ত থেকে শিক্ষাব্রতীরা আগরতলায় এসেছেন। ১০টি পেপার জমা পড়েছে। ইকফাই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এই সেমিনার উদ্বোধনের ভাষণে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্য সরকার রাজ্যের শিক্ষা ব্যবস্থার উন্নয়নে নানা কর্মসূচি রূপায়ণ করে চলেছে। দুঃস্থ ছাত্রছাত্রীদের পাঠ্যবই, পোশাক-সহ নানা সহায়তা দিচ্ছে রাজ্য সরকার। শিশু ও মায়েদের শিক্ষা ও পুষ্টির জন্য চালু রয়েছে দশ হাজার অঙ্গনওয়াড়ি। রাজ্যের ৯৮ শতাংশ মা ও শিশু এই দুর্যোগ গ্রহণ করছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রকৃত শিক্ষায় মানুষকে শিক্ষিত না করলে সেই শিক্ষা সমাজের কোনও কাজেই আসবে না। প্রতিটি ছাত্রছাত্রীকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, প্রকৃত মানুষ গড়ার কাজটি পরিবার থেকেই শুরু করতে হয়। সেই শিক্ষার দায়িত্ব নিতে হবে মায়েদের। মায়েরাই প্রথম শিক্ষিক। এরপর দায়িত্ব বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের। ছাত্রছাত্রীদের নিজের সন্তানের মতো ভালবেসে শিক্ষা দিতে হবে শিক্ষক-শিক্ষিকাদের। শুধু ডিগ্রির জন্য পড়াশোনা করালে হবে না, প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলতে হবে বলেন মুখ্যমন্ত্রী। সেমিনারে অন্যদের মধ্যে বক্তব্য পেশ করেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বিপ্লব চৌধুরি ইকফাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিপ্লব হালদার, মেয়র ড. প্রফুল্লজিৎ সিনহা, পশ্চিম জেলা সভাপতি দিলীপ দাস।



# শ্রীশ্রী ঠাকুর অনুকূলচন্দ্রের শিক্ষা ভাবনায় জাতীয় আলোচনাচক্র

স্টাফ রিপোর্টার, ২৯ আগস্ট  
: ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার  
ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হল গত দু'দিন  
ব্যাপী শিক্ষা বিষয়ক জাতীয়  
আলোচনাচক্র। এই আলোচনাচক্রের  
মূল প্রেক্ষাপট ছিল পরমপ্রেমময় শ্রী  
শ্রী ঠাকুর অনুকূলচন্দ্রের শিক্ষানীতি।  
দেশবিদেশের আন্তর্জাতিক  
খ্যাতিসম্পন্ন বিশিষ্ট শিক্ষাবিদ এবং  
অধ্যাপকদের সক্রিয় অংশগ্রহণে  
প্রাণবন্ত হয়ে উঠে এই  
আলোচনাচক্র। জার্মানির ওর্জবার্গ  
বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক  
ড. অমিতাভ কুন্ডু বিস্তৃতভাবে তুলে  
ধরেন বর্তমান ভারতবর্ষের শিক্ষা  
ব্যবস্থার অন্তসার শূন্যতা এবং গুরুত্ব  
আরোপ করেন শ্রীশ্রী ঠাকুরের  
শিক্ষানীতির ব্যবহারিক দিকগুলি।  
প্রসঙ্গত অধ্যাপক কুন্ডু ভারতবর্ষের

ন্যাশনাল স্টেটিসটিকেল মিশনের  
প্রাক্তন সদস্য তথা জেএনইউ'র প্রাক্তন  
অধ্যাপক। নাগপুর বিশ্ববিদ্যালয়ের  
প্রাক্তন উপাচার্য অধ্যাপক গরিভাউ  
কেদার তার বক্তৃতায় বলেন বর্তমান  
শিক্ষার প্রেক্ষাপটে যুবমানসের  
সচেতনতা ও বিপুল অংশগ্রহণ এই  
জাতীয় আলোচনাচক্রে নিঃসন্দেহে  
আগামীদিনের জন্য সুখকর খবর।  
অধ্যাপক বিনোদ আগরওয়াল, ডিরেক্টর  
জেনারেল তালিম রিসার্চ ফাউন্ডেশন  
ও প্রাক্তন উপাচার্য হিমিগিরি নব  
বিশ্ববিদ্যালয়, দেবাদুন তার ভাষণে  
শ্রীশ্রী ঠাকুরের শিক্ষাবিদ্যায় বর্ণিত  
নিদেশিকাগুলির ব্যাপক প্রচারও প্রসারে  
বৈদ্যুতিক মাধ্যম ও প্রযুক্তির ভূমিকার  
কথা তুলে ধরেন। আসাম  
বিশ্ববিদ্যালয়ের প্রতিযক্ষা অধ্যাপক  
নিত্যানন্দ পাণ্ডে শ্রীশ্রী ঠাকুর

অনুকূলচন্দ্রের আদর্শের আলোকে  
মনোবৈজ্ঞানিক শিক্ষণ পদ্ধতি তথা  
শিক্ষক চয়ন এবং শিক্ষকপ্রশিক্ষণের  
বিভিন্ন মাত্রাগুলি তুলে ধরেন। তিনি  
আরও বলেন সমগ্র মনোবিজ্ঞানের  
সূচনা হয় মাতৃঅঙ্কে। শ্রীশ্রী ঠাকুরের  
সমগ্র আদর্শ জুড়ে বর্তমান  
মনোবিজ্ঞান। জেএনইউ, নয়াদিল্লির  
সমাজবিদ্যার বরিষ্ঠ অধ্যাপক মদনচন্দ্র  
পাল ভারতবর্ষের শিক্ষা এবং বুদ্ধিমত্তার  
বিকাশ বিষয়ক ঐতিহাসিক প্রেক্ষাপট  
এবং বর্তমান ভারতীয় সভ্যতার প্রাসঙ্গি-  
কতা তুলে ধরেন। অন্যান্য প্রমুখ  
বক্তাদের মধ্যে উপস্থিত ছিলেন  
অধ্যাপক রাজর্ষি রায়, অধ্যাপক বিশাল  
সি ভান্ড, ড. সত্যনারায়ণ ভট্টাচার্য।  
বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়,  
শান্তিনিকেতন। ওনাদের আলোচনায়  
বারবার প্রতিফলিত হয়েছে শিক্ষার মূল

উদ্দেশ্যগুলি যেমন-চরিত্রগঠন,  
আদর্শকেন্দ্রিকতা, ভালমন্দ নির্ণায়ক  
শক্তির বিকাশ ইত্যাদি। সংসদ্রের  
সহসভাপতি ও কলকাতা  
বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক ও  
ডিন ড. সুভাষচন্দ্র বন্দ্যোপাধ্যায়  
আদর্শের মধ্য দিয়ে চিন্তা ও কর্মের  
অন্বেষণ এবং সচেতন ব্যবহারিক  
প্রয়োগে জীবন ও বর্ধনের কথা  
বলেন। নতুন দিল্লি সংসদ্রের সচিব  
শ্রী যতীন মহান্তি বলেন শ্রীশ্রী  
ঠাকুরের জীবনকে সামনে রেখে এবং  
আচার্য অনুসরণের মধ্য দিয়ে অভ্যাস  
ও প্রবৃত্তিকে সঠিক পরিচালনায়  
স্বভাব প্রবৃত্তিকে জীবনে পাথেয়  
করার কথা বলেন। প্রসঙ্গত এই  
আলোচনাচক্রের উদ্বোধন করেন  
রাজ্যের মুখ্যমন্ত্রী মানিক সরকার গত  
২৮শে আগস্ট। —দুইয়ের পৃষ্ঠায়



## পরমপ্রেমময় শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্রের শিক্ষানীতির আলোকে জাতীয় আলোচনাচক্র



ভাষণরত ত্রিপুরার মুখ্যমন্ত্রী শ্রীমানিক সরকার

আচার্য্যদেব পরমপূণ্যপাদ শ্রীশ্রীঠাকুর আশীর্বাদে ও পূজনীয় বাবাইদার প্রেরণায় ইকফাই বিশ্ববিদ্যালয়, ত্রিপুরার উদ্যোগে আগরতলার অদূরে কামালখাটস্থিত ইকফাই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে গত ২৮ এবং ২৯শে আগস্ট, ২০১৪ দু'দিনব্যাপী অনুষ্ঠিত হল এক জাতীয় আলোচনাচক্র। এই আলোচনাচক্রের বিষয়বস্তু ছিল: “Perspectives of Education from India with Special Reference to Sree Sree Thakur Anukulchandra” (ভারতবর্ষের বর্তমান শিক্ষাব্যবস্থার পরিপ্রেক্ষিতে শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্রের শিক্ষানীতির দৃষ্টিকোণ)।

২৮ শে আগস্ট, সকাল ১১টায় প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে আলোচনাচক্রের উদ্বোধনী অনুষ্ঠানের সূচনা করেন ত্রিপুরা রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রী মানিক সরকার। অতঃপর ‘আর্য্য ভারতবর্ষ আমার...’ সঙ্গীত পরিবেশিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত ভাষণে ইকফাই বিশ্ববিদ্যালয়, ত্রিপুরার উপাচার্য্য অধ্যাপক ডঃ অজয় পাঠক সকলকে স্বাগত জানিয়ে আলোচনাচক্রের প্রাসঙ্গিকতা তুলে ধরেন। তিনি বলেন— শ্রীশ্রীঠাকুরের

শিক্ষার আদর্শ আজ দেশবিশ্বের বিভিন্ন প্রান্তে চর্চিত হচ্ছে। আজকের বাস্তবতাকে উপলব্ধি করে এই শিক্ষানীতিকে রূপ দেওয়া এবং আয়ত্ত করা প্রয়োজন।

উদ্বোধনী অনুষ্ঠানের মূল বক্তৃতায় বিশ্বভারতী শান্তিনিকেতনের গণজ্ঞাপন বিভাগের অধ্যাপক ডঃ বিপ্লব লোহ চৌধুরী বলেন— শিক্ষা সংক্রান্ত বহু পরীক্ষা-নিরীক্ষা শ্রীশ্রীঠাকুর করেছেন, যাতে করে মানুষ সহজে বাঁচতে ও বাড়তে পারে। সংবেদী ও চেষ্টায় স্নায়ুর কর্মধারার সমন্বয়ে শিক্ষায় ছাত্রছাত্রীদের মধ্যে সার্বিক সিদ্ধান্ত গ্রহণের উপর জোর দেন। তিনি বলেন, এই শিক্ষা সম্মেলনের অন্যতম উদ্দেশ্য হচ্ছে শ্রীশ্রীঠাকুরের শিক্ষানীতির আলোকে শিক্ষার ব্যবহারিক রূপরেখা দেশের নীতি নির্ধারণ গোষ্ঠীর সম্মুখে উপস্থাপন করা যাতে করে সত্যিকারের মানুষ গড়ায় শিক্ষা জাতীয় শিক্ষাব্যবস্থায় অন্তর্ভুক্ত করা যায়।

ত্রিপুরা রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রীমানিক সরকার তাঁর ভাষণে বলেন— শিক্ষার উদ্দেশ্য হওয়া উচিত শক্তিশালী জাতিগঠন ও উন্নত রাষ্ট্র তৈরি করা আর এই দুয়েরই রূপকার হচ্ছে মানুষ। সেই মানুষের চরিত্র গঠন

হচ্ছে শিক্ষার অন্যতম মর্মবস্তু। শিক্ষা যদি মানুষকে প্রকৃত মানুষ হয়ে উঠতে সাহায্য না করে, তবে সেই মানুষ সমাজ বা সভ্যতার কোনও কাজেই আসবে না। শ্রীশ্রীঠাকুরের শিক্ষাচিন্তা মানুষকে ভাল মানুষ হিসেবে তৈরি হতে সাহায্য করে।

ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য্য অধ্যাপক বিপ্লব হালদার।

বিশেষ বক্তৃতামালায় নাগপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য্য অধ্যাপক হরিভাউ কেদারের সভাপতিত্বে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন অর্থনীতিবিদ অধ্যাপক অমিতাভ কুণ্ডু (ওরংজেবাবগ বিশ্ববিদ্যালয়, জার্মানি), এবং ডঃ বিনোদ আগরওয়াল (ডিরেক্টর জেনারেল তালিম রিসার্চ ফাউন্ডেশন এবং প্রাক্তন উপাচার্য্য হিমগিরি নব বিশ্ববিদ্যালয়, দেহাদুন)। অধ্যাপক অমিতাভ কুণ্ডু বিত্বতভাবে তুলে ধরেন ভারতবর্ষের শিক্ষা ব্যবস্থার অন্তসারঃশূন্যতা এবং গুরুত্ব আরোপ করেন শ্রীশ্রীঠাকুরের শিক্ষানীতির বিভিন্ন দিকগুলির।

অধ্যাপক অমিতাভ কুণ্ডুর সভাপতিত্বে প্রথম আলোচনা গোষ্ঠীতে অংশগ্রহণ করেন ডঃ সাহুতী দাশগুপ্ত ও ঋদ্ধি দীপন দাশগুপ্ত, ত্রিপুরা সরকারের জয়েন্ট ট্রান্সপোর্ট কমিশনার নির্মল অধিকারী, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের গবেষক মনোজা চৌধুরী, ইকফাই বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপিকা মুনমুন দাস বিশ্বাস, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের গবেষক অর্চন মিত্র, এম বি বি কলেজ, আগরতলার প্রাক্তন উপাধ্যক্ষ অধ্যাপক সরোজ চৌধুরী এবং ত্রিপুরা সরকারের উপজাতি কল্যাণ মন্ত্রী শ্রী অঘোর দেববর্মা।

দ্বিতীয় বিশেষ বক্তৃতামালায় অংশগ্রহণ করেন বিশ্বভারতী শান্তিনিকেতনের অধ্যাপক রাজর্ষি রায় এবং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক তথা উজ্জয়িনী, মধ্যপ্রদেশের করো শিখো বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ডঃ বিশাল সি ভান্ড। ডঃ ভান্ড শ্রীশ্রীঠাকুরের শিক্ষানীতিতে বিশেষ ভাবে উদ্বুদ্ধ হয়ে বলেন, শুধু বললে হবে না, কীভাবে এই শিক্ষানীতি বাস্তবে রূপ দেওয়া যায় তার চেষ্টা করতে হবে। সভাপতিত্ব করেন জগৎহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়, নিউ দিল্লির সমাজতন্ত্রের বরিস্ত অধ্যাপক মদন চন্দ্র পাল। সাঙ্ঘ্যকালীন বিনতি প্রার্থনাস্তে আলোচনাচক্রের প্রথম দিবসের সমাপ্তি হয়।

দ্বিতীয় দিবসের শুরুতেই অধ্যাপক অমিতাভ কুণ্ডুর সভাপতিত্বে বিশেষ বক্তৃতামালায় অংশ গ্রহণ করেন সংসদের সহ-সভাপতি ড. সুভাষচন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং ডঃ বিনোদ আগরওয়াল। ড. সুভাষচন্দ্র বন্দ্যোপাধ্যায় আদর্শের মধ্য দিয়ে চিন্তা ও কর্মের অময় এবং সচেতন ব্যবহারিক প্রয়োগে জীবন ও বর্ধনের কথা বলেন।

অধ্যাপক রাজর্ষি রায়ের সভাপতিত্বে দ্বিতীয় আলোচনা গোষ্ঠীতে অংশগ্রহণ করেন জনার্দন নমঃ, বিশ্বজিৎ দেব, কৃষ্ণেন্দু চৌধুরী, প্রমথেশ বণিক, প্রণজিৎ ভৌমিক, স্থিতি দাশগুপ্ত প্রমুখ।

ডঃ বিনোদ আগরওয়ালের সভাপতিত্বে বিশেষ বক্তৃতামালায় অংশগ্রহণ করেন সংসদ বিহার, দিল্লির সচিব যতীন্দ্রনাথ মহান্তি এবং অধ্যাপক মদনচন্দ্র পাল।

দ্বিতীয় দিবসের অন্তিম বিশেষ বক্তৃতামালায় অংশগ্রহণ করেন আসাম বিশ্ববিদ্যালয়, শিলচরের অধ্যাপক নিত্যানন্দ বিদ্যাবীর পাণ্ডে, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সহনিবন্ধক ডঃ সত্যনারায়ণ ভট্টাচার্য্য এবং অধ্যাপক বিশাল সি ভান্ড। সভাপতিত্ব করেন অধ্যাপক মদনচন্দ্র পাল। শেষ আলোচনা গোষ্ঠীর আলোচনা শুরু হওয়ার পূর্বে শ্রীশ্রীঠাকুরের শিক্ষাবিস্ময়ক ছড়ার গান পরিবেশন করেন সুদীপ্ত শেখর মিশ্র।

অধ্যাপক নিত্যানন্দ বিদ্যাবীর পাণ্ডের সভাপতিত্বে শেষ আলোচনা গোষ্ঠীতে অংশগ্রহণ করেন এন আই টি আগরতলার সহকারী অধ্যাপিকা বেবি ভট্টাচার্য্য, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের গবেষক রণজয় ভট্টাচার্য্য, এন আই টি আগরতলার সহকারী অধ্যাপক ড. বিশ্বজিৎ সাহা।

সাঙ্ঘ্যকালীন বিনতি প্রার্থনাস্তে সমাপ্তি অধিবেশনের মুখ্য বক্তা নাগপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য্য অধ্যাপক হরিভাউ কেদার তাঁর ভাষণে বলেন, ইকফাই বিশ্ববিদ্যালয়ের এই প্রচেষ্টা আগামী দিনে শিক্ষার রূপরেখা নির্ধারণের উৎস হিসাবে কাজ করবে। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ স্নেহলতা বেহড়া। দু'দিনের এই আলোচনাচক্রের সমাপ্তি হয় ‘বন্দেপুরুষোত্তমম্’ ধ্বনি দিয়ে।

এই আলোচনাচক্র উপলক্ষ্যে প্রকাশিত হয় আলোচনাচক্রের Abstract Volume.

সংবাদদাতা— কৃষ্ণেন্দু চৌধুরী ও সুমনা চৌধুরী।





ইকফাই ইউনিভার্সিটিতে ভারতবর্ষের বর্তমান শিক্ষা ব্যবস্থার প্রেক্ষিতে শ্রীশ্রী ঠাকুর অনুকূল চন্দ্রের শিক্ষানীতির দৃষ্টিকোণ বিষয়ক সেমিনারে উপস্থিত প্রতিনিধিবৃন্দ।  
— বৃহস্পতিবারের সংবাদচিত্র।



# ইকফাই বিশ্ববিদ্যালয়ে সেমিনারে মুখ্যমন্ত্রী বেসরকারী হাতে শিক্ষা-স্বাস্থ্য বিপর্যয় ডেকে আনবে দেশে

সংবাদ প্রতিনিধি, আগরতলা, ২৮  
আগস্ট : বর্তমান কেন্দ্র সরকারও  
আগের কেন্দ্র সরকারের পথ অনুসরণ  
করে এগিয়ে চলেছে। এতে দেশের  
শিক্ষা কাঠামো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত  
হচ্ছে। শিক্ষা ক্ষেত্রে বিদেশী পুঁজির  
অবাধ প্রবেশাধিকার দিয়ে কেন্দ্র  
সরকার উচ্চ শিক্ষার দায়িত্ব নিতে  
চাইছেন না।

আজ ইকফাই বিশ্ববিদ্যালয়ে  
আয়োজিত এক জাতীয় সেমিনারে  
বক্তব্য রাখতে গিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী  
এই অভিমত ব্যক্ত করেন। তিনি আরও  
বলেন, শিক্ষা ও স্বাস্থ্যক্ষেত্রে  
বেসরকারী হাতে তুলে দিয়ে দেশের  
বিপর্যয় ডেকে আনা হচ্ছে।

দেশের শিক্ষা ক্ষেত্রে বৈপ্লবিক  
পরিবর্তনের লক্ষ্য নিয়ে আজ  
কামালঘাটস্থিত ইকফাই বিশ্ববিদ্যালয়ে  
দুইদিনব্যাপী এক জাতীয়  
আলোচনাচক্র শুরু হয়েছে।  
সেমিনারের আলোচনার বিষয়বস্তু  
'ভারতের বর্তমান শিক্ষা ব্যবস্থার  
প্রেক্ষিতে শ্রীশ্রী ঠাকুর অনুকূল চন্দ্রের  
শিক্ষানীতির দৃষ্টিকোণ'।

আলোচনাচক্রে দেশের নানা প্রান্তের  
শিক্ষাবিদ এবং বিদগ্ধজনেরা যোগ  
দেন।

তারা শিক্ষা ক্ষেত্রে ঠাকুর  
অনুকূলচন্দ্রের মৌলিক চিন্তাধারা,  
শিক্ষার উদ্দেশ্য, আদর্শ শিক্ষার ক্ষেত্রে  
মা-বাবার ভূমিকা, শিক্ষা পাঠক্রম,  
শিক্ষা ক্ষেত্রে জনসাধারণের ভূমিকাসহ  
নানা বিষয়ে অভিমত রাখেন।

আজ আলোচনাচক্রের সূচনা করে  
রাজ্যের মুখ্যমন্ত্রী মানিক সরকার  
বলেন, প্রকৃত শিক্ষার উদ্দেশ্য হবে  
শক্তিশালী জাতি গঠন এবং উন্নত রাষ্ট্র  
তৈরি করা। আলোচনাচক্রের গুরুত্বের  
কথা উল্লেখ করে তিনি বলেন, প্রকৃত  
শিক্ষা শুরু হতে পারে ঘর থেকেই।  
মাই হবে শিশুদের প্রথম এবং  
গুরুত্বপূর্ণ শিক্ষক। এরপর বিদ্যালয়  
শিক্ষকের স্থান।

মূল্যবোধের শিক্ষার কথা বলতে  
গিয়ে মুখ্যমন্ত্রী স্বভাবসিদ্ধ ভঙ্গীতে  
কেন্দ্রের সমালোচনা করে বলেন,  
বর্তমান সরকার (এনডিএ) তার  
অভিমত, শিক্ষাকে পণ্য হিসাবে  
ব্যবহার করা হচ্ছে। শিক্ষা ক্ষেত্রে এফ  
ডি আইয়ের প্রবেশ ঘটিয়ে গোটা  
দেশকে লুটেরাদের হাতে তুলে দেওয়া  
হচ্ছে। বিদেশীরা লুট করার উদ্দেশ্য  
নিয়ে এদেশে শিক্ষা দিতে আসবে। এ  
প্রক্রিয়ায় বাধা না দিলে দেশের  
শিক্ষাব্যবস্থা লক্ষ্যে পৌঁছাতে পারবে  
না।

সেমিনারের উদ্বোধনী পর্বে বক্তব্য  
রাখতে গিয়ে বিশ্বভারতীয় অধ্যাপক  
ড. বিপ্লব লোহ চৌধুরী বলেন, ঠাকুর  
অনুকূল চন্দ্র দেশের জন্য যুগোপযোগী  
শিক্ষা ব্যবস্থার কথা বলে গেছেন। তা  
মানুষ সঠিকভাবে বুঝতে পারেনি।  
তিনি আরও বলেন, পশ্চিমাদের অন্ধের  
মত অনুকরণ করতে গিয়ে দেশের  
মানুষ নিজেদের সক্ষমতার কথা

ভুলতে বসেছে। দেশের ছাত্ররা  
উদ্ভাবনী শক্তি হারিয়ে ফেলেছে।  
অনুকূলচন্দ্র, রবীন্দ্রনাথ ঠাকুর, ঋষি  
অরবিন্দরা নিজেদের উদ্ভাবনী শক্তি  
উন্নত করার লক্ষ্যেই পরামর্শ দিয়েছেন।  
তিনি অভিমত দেন, দেশবাসীকে  
প্রকৃত অর্থে শিক্ষিত করতে গেলে  
মানসিকতার আমূল পরিবর্তন করতে  
হবে। সেক্ষেত্রে মনীষীদের  
চিন্তাধারাগুলো যথেষ্ট কাজে লাগতে  
পারে। এদিন স্বাগত ভাষণ দেন  
ইকফাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.  
অজয় পাঠক। জাতীয়  
আলোচনাচক্রের প্রসঙ্গে বলতে গিয়ে  
দিল্লীর সংসদে সচিব যতীন মহান্তি  
বলেন, ঠাকুর অনুকূল চন্দ্র শিক্ষাবিদ  
ছিলেন না। কিন্তু শিশু, নারী শিক্ষা এবং  
সার্বিক শিক্ষার বিষয়ে তিনি  
যুগোপযোগী কথা বলে গেছেন। যা  
অনুসরণ করা হলে শিক্ষা ক্ষেত্রে  
আক্ষরিক অর্থেই বৈপ্লবিক পরিবর্তন  
আসতে পারে। আজ সেমিনারে  
উদ্বোধনী পর্ব শেষে টেকনিক্যাল পর্ব  
শুরু হয়েছে। আগামীকাল সম্মেলন  
শেষ হবে।

Canvas KN

CAN

ACCE

Presenting the Canvas Kni  
Camerazzi camera. So the





# Northeast chronicle

**AASU demands financial aid for flood-hit in Dhemaji**

**Dhemaji:** Demanding a special financial package for the flood and erosion-hit people of the State, AASU's Dhemaji district unit on Monday staged a demonstration in front of the DC office, Dhemaji. **CNS**

## Sree Sree Takur Anukulchandra's philosophy discussed at length

CHRONICLE NEWS SERVICE

**Tripura:** A two-day seminar on 'Perspectives of Education from India with Special Reference to Sree Sree Thakur Anukulchandra' was recently held at ICFAI University in Tripura, an official release stated.

Professor Biplab Loho Choudhury of Visva Bharati University, in his keynote address, spoke of an Integral approach of learning, multi-subject learning centre in around a single phenomenon, developing emotional intelligence, inter-institutional and family-school continuity.

Highly acclaimed economist Professor Amitabh Kundu from Wurtzburg, Germany, spoke of the anticipation of contemporary perspectives in Thakur's philosophy.

Current Vice-president of Satsang and former professor of Calcutta University Subhash Chandra Banerjee spoke of integrating thought and safety with action and directing the whole consciously to serve the Uphold of Existence.

Former Director of Kendriya Hindi Sangsthan Professor Nityananda Pandey (Assam University) pointed out how every contemporary and yet to be explored domain of psychology finds mention and detailed description in the philosophy of Sree Sree Thakur.

Jatin Mohanty, Secretary, Delhi Satsang, described various facets of the life of Sri Sri Thakur as living example of his philosophy.



Other

eminent speakers like Professor Haribhau Kedar (former V.C., RTM Nagpur), Professor M C Paul (JNU), Professor Binod Agarwal (TALEEM Research Foundation) spoke on matters like the need for ideal-centric teachers, practical approach and character-based education

Vice-Chancellor of ICFAI (Tripura) Professor Ajay Pathak described it as a unique experience and a seminar unlike any he had ever seen. Professor Kedar praised the active participation as raising hopes.

Professor Amitabh Kundu stressed that it was now time to put such principles into practice.

### **NORTHEAST FRONTIER RAILWAY (CONSTRUCTION ORGANIZATION)**

Tender Notice No.DYCE/CON/MLG/2014/August/03 dtd.22.08.14.

Sealed Open Tenders are invited from experienced and reputed contractor(s)/firm(s) for the following works.

1. Tender No.Dy.CE/CON/MLG/Approach road/DDNI/2014/13  
Name of work: Repairing/Improvement of approach road of LHS?RUB with side drain within Railway boundary in connection with Dudhnoi - Mendipathar new BG Railway line project.

(i) Tender value of the work: Rs. 53,97,442.00, (ii) Cost of Tender document: Rs. 5000.00 (Rupees Five thousand) only for delivery at office and Rs. 5500.00 (Rupees Five thousand five hundred) only for delivery by registered post/speed post. (iii) Earnest money to be deposited: Rs. 1,07,950.00. (iv)



ইকফাইয়ে দু'দিনব্যাপী অনুষ্ঠিত সেমিনারের মুহূর্ত। উপরের ছবিতে উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী। নিচের ছবিতে সেমিনারে আলোচনা করছেন দেশের খ্যাতনামা অধ্যাপকরা।  
ছবি — নিজস্ব



# regional chronicle

**AASU demands financial aid for flood-hit in Dhemaji**

**Dhemaji:** Demanding a special financial package for the flood and erosion-hit people of the State, AASU's Dhemaji district unit on Monday staged a demonstration in front of DC office, Dhemaji. **CNS**

## Sree Sree Thakur Anukulchandra's philosophy discussed at length

CHRONICLE NEWS SERVICE

**Tripura:** A two-day seminar on 'Perspectives of Education from India with Special Reference to Sree Sree Thakur Anukulchandra' was recently held at ICFAI University in Tripura, an official release stated.

Professor Biplab Loho Choudhury of Visva Bharati University, in his keynote address, spoke of an Integral approach of learning, multi-subject learning centre in around a single phenomenon, developing emotional intelligence, inter-institutional and family-school continuity.

Highly acclaimed economist Professor Amitabh Kundu from Wurtzburg, Germany, spoke of the anticipation of contemporary perspectives in Thakur's philosophy.

Current Vice-president of Satsang and former professor of Calcutta University Subhash Chandra Banerjee spoke of integrating thought and safety with action and directing the whole consciously to serve the Uphold of Existence.

Former Director of Kendriya Hindi Sangsthan Professor Nityananda Pandey (Assam University) pointed out how every contemporary and yet to be explored domain of psychology finds mention and detailed description in the philosophy of Sree Sree Thakur.

Jatin Mohanty, Secretary, Delhi Satsang, described various facets of the life of Sri Sri Thakur as living example of his philosophy.

Other eminent speakers like Professor Haribhau Kedar (former V.C., RTM Nagpur), Professor M C Paul (JNU), Professor Binod Agarwal (TALEEM Research Foundation) spoke on matters like the need for



ideal-centric teachers, practical approach and character-based education

Vice-Chancellor of ICFAI (Tripura) Professor Ajay Pathak described it as a unique experience and a seminar unlike any he had ever seen. Professor Kedar praised the active participation as raising hopes.

Professor Amitabh Kundu stressed that it was now time to put such principles into practice.

### **NORTHEAST FRONTIER RAILWAY (CONSTRUCTION ORGANIZATION)**

Tender Notice No.DYCE/CON/MLG/2014/August/03  
dtd.22.08.14.

Sealed Open Tenders are invited from experienced and reputed contractor(s)/firm(s) for the following works.

1. Tender No.Dy.CE/CON/MLG/Approach road/DDNI/2014/13

Name of work: Repairing/Improvement of approach road of LHS?RUB with side drain within Railway boundary in connection with Dudhnoi - Mendipathar new BG Railway line project.

(i) Tender value of the work: Rs. 53,97,442.00, (ii) Cost of Tender document: Rs. 5000.00 (Rupees Five thousand) only for delivery at office and Rs. 5500.00 (Rupees Five thousand five hundred) only for delivery by registered post/speed post. (iii) Earnest money to be deposited: Rs. 1,07,950.00. (iv) Completion period of the work: 3 (Three) months from the date of

### **NORTHEAST FRONTIER RAILWAY (CONSTRUCTION ORGANIZATION) PRESS NOTIFICATION**

(A) Hon'ble CAT/GHY vide their Order dated 10-04-2014 and 19-06-2014 in OA Nos.156,177,178,287 of 2011 & 96 of 2012



## परमप्रेममय श्रीश्रीठाकुरजी की शिक्षा नीति के आलोक में राष्ट्रीय संगोष्ठी



संगोष्ठी में भाषण देते हुए त्रिपुरा के मुख्यमंत्री श्रीमाणिक सरकार।

गणज्ञापन विभाग के प्रोफेसर डा. विप्लव लोह चौधुरी ने कहा: इस शिक्षा सम्मेलन का अन्यतम उद्देश्य है श्रीश्रीठाकुर की शिक्षानीति के आलोक में शिक्षा की व्यावहारिक रूपरेखा को देश की नीति निर्धारण गोष्ठी के सम्मुख उपस्थापन करना जिससे कि मनुष्य गठन करने की शिक्षा को राष्ट्रीय शिक्षाव्यवस्था के अन्तर्भुक्त किया जा सके।

त्रिपुरा राज्य के मुख्यमंत्री श्रीमाणिक सरकार ने अपने भाषण में कहा: शिक्षा का उद्देश्य होना

उचित है शक्तिशाली राष्ट्रगठन व उन्नत राष्ट्र को बनाना। इन दोनों का ही रूपकार है मनुष्य। शिक्षा यदि मनुष्य को प्रकृत मनुष्य बनने में सहायता नहीं करती है तो वह मनुष्य समाज या सम्यता के कोई काम नहीं आएगा। श्रीश्रीठाकुर की शिक्षाचिन्ता मनुष्य को अच्छा मनुष्य बनने में सहायता करती है।

दो-दिवसीय इस संगोष्ठी में विशेषरूप से अपने विचारों को रखा,—सत्संग के भाइस-प्रेसीडेन्ट डा. सुभाष बन्दोपाध्याय, सत्संग विहार दिल्ली के सचिव श्रीयतीन्द्रनाथ मोहंती, ओरतजबार्ग विश्वविद्यालय, जर्मनी के अर्थनीतिविद् प्रोफेसर अमिताभ कुंडु, तालीम रिसर्च फाउंडेशन के डाइरेक्टर जेनरल डा. विनोद अग्रवाल, जवाहरलाल नेहरू विश्वविद्यालय, नई दिल्ली के समाजतंत्र के प्रोफेसर मदनचन्द्र पाल, आसाम विश्वविद्यालय सिलचर के शिक्षाविभाग के प्रोफेसर नित्यानन्द विद्याधर पाण्डे, विश्वभारती विश्वविद्यालय शांतिनिकेतन के प्रोफेसर राजर्षी राय, डा. विशाल भांड, डा. सत्यनारायण

भट्टाचार्य एवं अन्यान्य।

संगोष्ठी के अधिवेशन की समाप्ति के पूर्व श्रीश्रीठाकुरजी की शिक्षाविषयक वाणीगीत का परिवेशन किया सुदीप्त शेखर मिश्र ने। सांध्यकालीन विनती प्रार्थनान्त में समाप्ति अधिवेशन के मुख्य वक्ता नागपुर विश्वविद्यालय के पूर्व उपाचार्य प्रोफेसर हरिभाई केदार ने अपने भाषण में कहा: ईकफाई विश्वविद्यालय की यह प्रवेष्टा भविष्य में शिक्षा की रूपरेखा निर्धारण के उत्स के रूप में काम करेगा। दो-दिवसीय इस संगोष्ठी का समापन 'वन्दे पुरुषोत्तमम्' ध्वनि के साथ हुआ।

इस संगोष्ठी में चर्चा की बातों का एक Abstract volume भी प्रकाशित किया गया।

### सत्संग शिक्षा सम्मेलन

गत ३० अगस्त, २०१४ अंगरतला के रवीन्द्र शतवार्षिकी भवन में श्रीश्रीठाकुरजी की शिक्षानीति के आलोक में एक वृहत संगोष्ठी का आयोजन किया गया। आचार्यदेव परमपूज्यपाद श्रीश्रीदादा के

आशीर्वाद एवं पूजनीय बाबाई-दा की प्रेरणा से इस संगोष्ठी में त्रिपुरा के सुदूर गाँव-देहात एवं शहरी क्षेत्रों के हजारों इष्टप्राण भ्रातागण एवं माताओं ने योगदान किया।

इस संगोष्ठी में सभापति का आसन को अलंकृत किया सत्संग के भाइस प्रेसीडेन्ट सुभाषचन्द्र बन्दोपाध्याय ने। चर्चा में भाग लिया: श्रीयतीन्द्रनाथ मोहंती, प्रोफेसर विप्लव लोह चौधुरी, प्रोफेसर अमिताभ कुंडु, प्रोफेसर हरिभाई केदार, प्रोफेसर नित्यानन्द पांडे, डा. विशाल भांड, डा. सत्यनारायण भट्टाचार्य, प्रोफेसर मदनचन्द्र पाल, श्रीप्रसन्नकुमार नाथ एवं अन्यान्य।

इसके बाद वक्तागण प्रश्नोत्तर में भी भाग लिया। इस सम्मेलन का संचालन किया श्रीनन्दन चक्रवर्ती ने। इस संगोष्ठी ने पूरे त्रिपुरा राज्य में एक आलोडन सृष्ट कर दिया है।

संवाददाता: श्रीकृष्णन्तु चौधुरी

आचार्यदेव परमपूज्यपाद श्रीश्रीदादा के आशीर्वाद एवं पूजनीय बाबाई-दा की प्रेरणा से ईकफाई विश्वविद्यालय, त्रिपुरा के आयोजन पर आगरतला के कामालघाट स्थित ईकफाई विश्वविद्यालय कैम्पस में गत २८ एवं २९ अगस्त, २०१४ को दो दिवसीय राष्ट्रीय संगोष्ठी अनुष्ठित हुआ। संगोष्ठी का विषय था: भारतवर्ष की वर्तमान शिक्षा-व्यवस्था के परिप्रेक्ष्य में श्रीश्रीठाकुर अनुकूलचन्द्र की शिक्षानीति का दृष्टिकोण। २८ अगस्त, दिन के ११ बजे उद्बोधनी अनुष्ठान का शुभारंभ किया त्रिपुरा राज्य के मुख्यमंत्री श्रीमाणिक सरकार ने। इसके बाद "आर्यभारतवर्ष आमार ..." संगीत का परिवेशन हुआ। स्वागत भाषण में ईकफाई विश्वविद्यालय के कुलपति प्रोफेसर डा. अजय पाठक ने कहा—श्रीश्रीठाकुर की शिक्षानीति की आज देश-विदेश के विभिन्न प्रांतों में चर्चा हो रही है। आज की वास्तवता की उपलब्धि करते हुए इस शिक्षानीति को वास्तव रूप देने एवं आयत्त करने की जरूरत है। अनुष्ठानस्थल में भाषण देते हुए विश्वभारती शांतिनिकेतन के



# Educational Philosophy of Sree Sree Thakur Anukulchandra: Need of the hour

**Agartala, Aug 31 :** The North-eastern state of Tripura stood witness to a historical moment for India when some of the most illustrious brains of India took part in incredible brainstorming sessions analyzing the current educational scenario, seeking newer directions inspired by the philosophy of Sree Sree Thakur Anukulchandra.

The occasion was a two days National Seminar titled "Perspectives of Education from India with special reference to Sree Sree Thakur Anukulchandra" organized at ICFAI University, Tripura on 28-29 Aug.

In his keynote address, Prof. Biplab Loho Choudhury (Visva Bharati) spoke of an Integral Approach of learning, Multi-subject Learning centering around a single phenomenon, Developing Emotional Intelligence, Inter-Institutional and Family-school Continuity. Highly acclaimed economist Prof. Amitabh Kundu (Wurtzburg, Germany) spoke of the anticipation of contemporary perspectives in Thakur's philosophy.

Current Vice-president of Satsang and former professor at Calcutta University Dr. Subhash Ch. Banerjee spoke of



*From Left: Prof. (Dr.) Binod C. Agrawal (Director General, TALEEM Research Foundation), Prof. Amitabh Kundu (University of Wurzburg, Germany) and Dr. Subhash Chandra Bandyopadhyay (Vice-President, Satsang)*

integrating thought and safety with action and directing the whole consciously to serve the Uphold of Existence.

Former Director, Kendriya Hindi Sangsthan, Prof. Nityananda Pandey (Assam University) pointed out how every contemporary and yet unexplored domain of psychology finds mention and detailed description in the philosophy of Sri Sri Thakur. Most prominent among other speakers and presenters was Dr. Vishal Bhand (Visva-Bharati) who described his experiments with alternate education at Karo-Sikho Vidyalaya, Kesuni, Ujjain, Madhya Pradesh. Other eminent speakers like Prof. Haribhau

Kedar (former V.C., RTM Nagpur), Prof. M. C. Paul (JNU), Prof.(Dr.) Binod Agarwal (TALEEM Research Foundation) spoke on matters like the need for ideal-centric teachers, practical approach and character-based education. Vice-Chancellor of ICFAI (Tripura) Prof. (Dr.) Ajay Pathak described it as a unique experience and a seminar unlike any he had ever seen. Prof. Kedar praised the active participation as raising hopes. Dr. Kundu stressed it was now time to put such principles in practice. A common consensus was that it was now time to bring about policy change incorporating these principles.

## Tapan Chakraborty remembered

**Times News**

**Teliamura, Aug 31:** The DYFI organized the 14th Death Anniversary of Sahid Tapan Chakraborty at the Bagan bazar school ground at around 3:30 pm. Chief Minister Manik sarkar, Avik mukherjee, Amal Bhattacharjee, MLA Manindra Chandra Das along with other dignitaries were present in the programme. CM Manik Sarkar in his respective speech said that Tapan Chakraborty was a prominent leader in his times by the UNLFT militants murdered him in cold blood near the river bank before 14 years. The programme was presided over by Prabir Chakraborty.

## Terrible situation in Khastila S

**Times News**

**Santirbazar, Aug 31:** The situation and infrastructure of education of the state is going towards bottom level day by day. The rural educational institutes are the worst victim of the situation. Although schools opened at every village with initiative of government, proper infrastructure has not been built up till now. We are still getting different information on corruption in mid-day-meal while mid-day-meal is being at all primary and SB schools.